



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নথি নং-৪৬.০০.৮৯০০.০১৭.২৭.০০১.১৭- ৭৭

তারিখ : ০৭ মাস, ১৪২৭
২১ জানুয়ারি, ২০২১

প্রজ্ঞাপন

যেহেতু, শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার খড়িয়া কাজিরচর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান-১ জনাব মোঃ শফিকুল ইসলাম (মানিক) এর বিরুদ্ধে অনিয়ম, দুর্নীতি, অবৈধ অর্থ গ্রহণ, ইউনিয়ন পরিষদে অনিয়মিত হাজিরা এবং ৭/৮ মাস যাবৎ কোন মিটিং না করার অভিযোগে উক্ত ইউনিয়ন পরিষদের ১১ (এগার) জন সদস্য কর্তৃক অনাস্থা প্রস্তাব উত্থাপিত হয়েছে এবং সরেজমিন তদন্তে উত্থাপিত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে;


যেহেতু, উক্ত অনাস্থা প্রস্তাবের বিষয়ে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯ ধারা অনুযায়ী সহকারী কমিশনার (ভূমি), শ্রীবরদী, শেরপুর কর্তৃক বিশেষ সভা আহ্বান করে গোপন ব্যালটের মাধ্যমে অনাস্থা প্রস্তাবের পক্ষে ও বিপক্ষে ভোট গ্রহণ করা হয় এবং অনাস্থা প্রস্তাবের পক্ষে ১১ (এগার)টি ভোট পড়ে যা দুই-তৃতীয়াংশের বেশী;

যেহেতু শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার খড়িয়া কাজিরচর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান-১ জনাব মোঃ শফিকুল ইসলাম (মানিক) এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং বিশেষ সভায় উত্থাপিত অনাস্থা প্রস্তাবটি দুই-তৃতীয়াংশের বেশী ভোটে গৃহীত হওয়ায় বর্ণিত ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান-১ কর্তৃক জনস্বার্থে ইউনিয়ন পরিষদের দায়িত্ব পালন করা সমীচীন হবে না মর্মে বিবেচিত হওয়ায় জেলা প্রশাসক, শেরপুর সুপারিশসহ প্রেরিত অনাস্থা প্রস্তাবটি সরকার কর্তৃক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯(১৩) ধারা অনুযায়ী অনুমোদিত হয়েছে;

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯(১৩) ধারার বিধান অনুযায়ী সরকার কর্তৃক জনস্বার্থে অনাস্থা প্রস্তাবটি অনুমোদিত হওয়ায় খড়িয়া কাজিরচর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান-১ জনাব মোঃ শফিকুল ইসলাম (মানিক) এর পদটি একই আইনের ৩৫(১)(চ) ধারা অনুযায়ী শূন্য ঘোষণা করা হলো।

০২। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
৯৫৮৬৬০৫
Email:Up1lgd@gmail.com

নথি নং-৪৬.০০.৮৯০০.০১৭.২৭.০০১.১৭- ৭৭

তারিখ : ০৭ মাস, ১৪২৭
২১ জানুয়ারি, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, শেরপুর।
- ০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অতিরিক্ত সচিব (ইউপি), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। জনাব মোঃ শফিকুল ইসলাম (মানিক), প্যানেল চেয়ারম্যান-১ (অপসারণকৃত), খড়িয়া কাজিরচর ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী, শেরপুর।
- ০৮। অফিস কপি।


(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব